*This question paper contains 3 printed pages.*  **Your Roll No. .........................**

| | | |
|---|---|---|
| *Sl. No. of Ques. Paper* | : 7915 | GC |
| *Unique Paper Code* | : 12081108 | |
| *Name of Paper* | : Development of Indian (Bengali) Language & Script | |
| *Name of Course* | : B.A. (Hons.) Bengali | |
| *Semester* | : I | |
| *Duration :* | : 3 hours | |
| *Maximum Marks* | : 75 | |

*(Write your Roll No. on the top immediately on receipt of this question paper.)*

## ক- বিভাগ

1. টীকা লেখঃ (যে কোনো তিনটি) 5x3= 15

স্বরসঙ্গতি, আগন্তুক শব্দ, কেলটিক ভাষা, অন্ত-মধ্য বাংলা, ক্ষতিপুরক দীর্ঘীভবন, চর্যাপদ।

অথবা

ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভব রেখাটি সংক্ষেপে আলোচনা কর।

2. প্রাচীন বাংলা ভাষার সময়কাল, নিদর্শন ও যে কোনো দশটি বশিষ্টের তালিকা প্রস্তুত কর। 15

অথবা

'শ্রীকৃষ্ণকীর্তন' পুঁথির পরিচয় দিয়ে সেই সময়কার বাংলা ভাষার নাম ও দশটি বৈশিষ্ট্য লিপিবদ্ধ কর।

## খ- বিভাগ

3. নিম্নলিখিত অংশটিকে আধুনিক বাংলা ভাষায় রূপান্তরিত কর এবং নিম্নরেখ শব্দগুলি সম্পর্কে ভাষাতাত্ত্বিক টীকা লেখ। 15

কাআ তরুবর পঞ্চ <u>বি</u> ডাল।
চঞ্চল <u>চীএ</u> পইঠো কাল।।
দিঢ় করিঅ মহাসুহ পরিমান।
লুই ভনই গুরু <u>পুচ্ছিঅ</u> জান।।

P.T.O.

সঅল স(মা)হিঅ কাহি করিঅই।
সুখদুখেতেঁ নিচিত মরিআই।।
এড়িএউ ছান্দক বান্দ করনক পাটের আস।
সুন্নপাখ ভিড়ি লাহু রে পাস।।
ভনই লুই আম্‌হে ঝানে দিঠা।
ধমন-চমন বেনি পিণ্ডি বইঠা।।

অথবা

অন্নপূর্ণা উত্তরিলা গাঙ্গিনীর তীরে।
পার কর বলিয়া ডাকিলা পাটুনীরে।।
সেই ঘাটে খেয়া দেয় ঈশ্বরী পাটুনী।
একা দেখি কুলবধূ কে বট আপনি।।
পরিচয় না দিলে করিতে নারি পার।
ভয় করি কি জানি কে দিবে ফেরফার।।
ঈশ্বরীরে পরিচয় কহেন ঈশ্বরী।
বুঝহ ঈশ্বরী আমি পরিচয় করি।।
বিশেষণে সবিশেষ কহিবারে পারি।
জানহ স্বামীর নাম নাহি ধরে নারী।।

গ- বিভাগ

4. লিপির উদ্ভব ও ক্রমবিকাশ সম্পর্কে যা জানো লেখ। 15

অথবা

আধুনিক বাংলা ভাষার নিদর্শন স্বরূপ দুটি গ্রন্থের নাম লেখ। এই ভাশর দশটি লক্ষণ বা বৈশিষ্টের তালিকাকরন কর।

5. সংক্ষিপ্ত উত্তর দাও( একটি বাক্যে)ঃ (যে কোনো দশটি) 10x1= 10

ক) ইন্দো-ইউরোপীয় ভাশাবংশের মধ্যে যে কোনো দুটি শাখার নাম লেখ।

খ) দ্রাবিড় বংশের ভাষাগুলি প্রধানত পৃথিবীর কোন জায়গায় প্রচলিত?

গ) প্রাচীন ভারতীয় আর্যভাষার প্রধানতম নিদর্শন কী?

ঘ) ভারতীয় আর্যভাষার দ্বিতীয় স্তর কী?

ঙ) কালিদাসের কাব্য কোন ভাষার নিদর্শন?

চ) বাংলা ভাষার উৎস রূপে অব্যবহিত পূর্বেকার ভাষার নাম কী?

ছ) চর্যাপদ কে, কত সালে আবিষ্কার করেছিলেন?

জ) আদি-মধ্য বাংলা ভাষার সময়কাল লেখ।

ঝ) বাংলা লিপির অব্যবহিত পূর্বেকার লিপির নাম কী?

ঞ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কয়টি খণ্ড? একটি খণ্ডের নাম লেখ?

ট) নিম্নলিখিত উদাহরনে ধ্বনি পরিবর্তনের কোন্ রীতি দেখতে পাওয়া যায়?

বংশী> বাঁশী

ঠ) কর্ম> কাম; এখানে ধ্বনিপরিবর্তনের কোন্ রীতি লক্ষিত হয়?

ড) 'অন্নদামঙ্গল' কাব্যের কবির নাম কী?

ঢ) জীবনানন্দ দাশ কোন্ বাংলা ভাষায় কাব্য রচনা করেছিলেন?

ন) উদ্ধৃত তৎসম শব্দ দুটির উদ্ভব রূপ লেখ – পঞ্চ, হস্তী

6. উচ্চারণ অনুযায়ী ধ্বনি বিভাজন করঃ (পাঁচটি) 5x1= 5

রাধা, অন্নপূর্ণা, কৃপা, বঙ্কিমচন্দ্র, ঔষধ, পঞ্চ, নহোঁ, চক্র